58

দৈনিক সংবাদ

তারিখ 22 APR 1988

পৃষ্ঠা 1 কলাম ৪

... 02

## বেসরকারী মাধ্যমিক স্কুল খুলেছে

গত রোববার শিক্ষকদের ৫৮ দিনব্যাপী ধর্মঘট অবসান হবার পর গতকাল সোমবার ঢাকা নগরীর সবকটি বেসরকারী মাধ্যমিক স্কুল খুলেছে। অবশ্য বেশীর ভাগ স্কুলে উপস্থিতির হার ছিল অত্যন্ত কম। খবর বাসস'র।

দাবীর ব্যাপারে সরকারের সাথে সমঝোতা হবার পর শিক্ষক সমন্বয় পরিষদ তাদের ধর্মঘট প্রত্যাহার করে নেয়। পরিষদ ২৩শে এপ্রিলের মধ্যে কাজে যোগদানের জন্য সব শিক্ষক ও কর্মচারীর প্রতি আহ্বান জানিয়েছে। প্রশিক্ষণার্থী শিক্ষকদেরকেও অবিলম্বে তাদের দায়িত্ব পালন শুরু করতে বলা হয়েছে।

**ধর্মঘটের ক্ষতিপূরণ লক্ষ্যে শিক্ষক সমিতির আহবান**

## রমজানের ছুটিতে ক্লাস নিন

বাংলাদেশ শিক্ষক সমিতির (কামরুজ্জা...) সভাপতি জনাব কামর... ও সাধারণ সম্পাদিকা ... হেনা দাস গতকাল

(শেষ পৃ: ৭-এর ক: দ্র:)

### রমজানের ছুটিতে ক্লাশ

(১ম পাতার পর)

...দের এক যুক্ত বিবৃতিতে বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের ধর্মঘটজনিত কারণে সৃষ্ট ছাত্রছাত্রীদের ক্ষতিপূরণের লক্ষ্যে আগামী রমজান ও গরমের ছুটিতে কমপক্ষে ২০ দিন ক্লাস নেয়ার জন্য শিক্ষক সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন।

বিবৃতিতে আন্দোলনের মাধ্যমে শিক্ষক ও কর্মচারীদের মধ্যে যে একাত্মতা সৃষ্টি হয়েছে তা অক্ষুণ্ণ রাখার আহ্বান এবং আন্দোলনের বিজয় অর্জনে সহায়তাকারী সকল মহলের প্রতি কৃতজ্ঞতা জানানো হয়।

শিক্ষকদের দাবী দাওয়া সরকার মেনে নেয়ার পরিপ্রেক্ষিতে বেসরকারী মাধ্যমিক স্কুল চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন কর্মচারীদের ধর্মঘট প্রত্যাহারের সিদ্ধান্ত ঘোষণা করেছে। সকল কর্মচারীকে অবিলম্বে কাজে যোগ দেয়ার জন্য গতকাল সংগঠনের সাধারণ সম্পাদক প্রেরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে আহ্বান জানানো হয়েছে।